JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ইসরায়েলের প্যারেড উদযাপনে গভর্নর কুওমো ইসরায়েলে সংহতিমূলক সফরের ঘোষণা দিয়েছেন

গভর্নর কুওমো বলেন: "ইহুদি জনগণের এই সংকটের সময়ে, আমি আইনসভার অধিবেশনের পর সংহতিমূলক সফর হিসেবে ইসরায়েলে আরেকটি সফর করতে যাচ্ছি এবং আমি আমার ইহুদি সহকর্মীদেরকে সংহতির স্মারক হিসেবে আমাদের সাথে যোগদান করার আমন্ত্রণ জানাচ্ছি। নিউ ইয়র্ক ইসরায়েলের পাশে দাঁড়িয়েছে। আজ আমরা সবাই ইহুদি। আমরা সবাই ইহুদি সম্প্রদায়ের প্রশংসা করি। তারা নিউ ইয়র্কের ভিত্তি, নিউ ইয়র্কের অংশ এবং অন্যতম সেরা অংশগুলির একটি।"

গভর্নর কুওমো বলেন: "আমি সব রাজনীতিবিদকে নব্য-নাৎসি গোষ্ঠীগুলিকে তারা যা করছে তার নিন্দা জানানোর আমন্ত্রণ জানাচ্ছি। তারা অভ্যন্তরীণ সন্ত্রাসী। এটাই তাদের পরিচয়।"

আজকের আগে ইসরায়েলের প্যারাড উদযাপন অনুষ্ঠানে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ঘোষণা করেছিলেন যে তিনি আইনসভা অধিবেশনের শেষে ইহুদি সম্প্রদায়ের সাথে সংহতির অংশ হিসেবে ইসরাইল সফর করবেন।

গভর্নরের বক্তব্যের **অডিও** শোনা যাবে এখানে।

গভর্নরের সাক্ষাৎকারের একটি দ্রুত প্রস্তুতকৃত ট্রান্সক্রিপ্ট নিচে দেওয়া হলো:

অনুগ্রহ করে আমাকে আজ আমাদের পাশে দাঁড়ানো মানুষদেরকে স্বীকৃতি দেওয়ার সুযোগ দিন। আমার পরিবার আছে, আমার মা আছে। আমার মেয়ে মিকেলা, আমার মেয়ে কারা। সে এখানে উপস্থিত আছে। আমাদের প্রশাসনিক কর্মকর্তাগণ আছেন। আমাদের মেলিসা ডিরোসা আছেন, যিনি গভর্নরের সেক্রেটারি। আমাদের সাথে হাওয়ার্ড জেমস্কিও আছেন। আমরা আমাদের সাথে গুইলারমো লিনারেসকে পেয়েছি। আমরা বিশেষ অতিথি হিসেবে ডেভোরা হালবারস্টামকে পেয়েছি এবং আমরা আজ তার শক্তির জন্য প্রার্থনা করি। ডেভোরা জিউস চিলড্রেন মিউজিয়াম পরিচালনা করেন যেখানে এই সপ্তাহে একটি নোট রাখা হয়েছিল: "হিটলার আসছেন।" ডেভোরা তার সেমিটিক বিরোধী আক্রমণে নিহত ছেলে আরি হালবারস্টাম এর সম্মানে যাদুঘরটি শুরু করেছিলেন। তাই আমরা আজ তাকে পেয়ে গর্বিত। দানি দায়ান আমাদের সাথে থাকবেন। সিনেটর ব্র্যাড হোয়েলম্যান, আনা কাপলান এবং আইনসভার সদস্য ডেভিড ওয়েপরিন এবং কাউন্সিল সদস্য বেন ক্যালোসও আমাদের সাথে আছেন।

আমরা এখানে ইসরায়েল উদযাপন করতে এসেছি। এবং এই বছর এটি স্বাভাবিকের তুলনায় আরো বেশি যুক্তিসঙ্গত কারণ সুস্পষ্ট বাস্তবতা হলো এই দেশটিতে এবং এই স্টেটে সেমিটিক-বিরোধী হামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে সেমিটিক-বিরোধী আক্রমণ 57 শতাংশ বৃদ্ধি পেয়েছে। ক্যালিফোর্নিয়ার পিটসবার্গের মন্দিরে ভয়ঙ্কর আক্রমণ সম্পর্কে মানুষ জেনেছে। কিন্তু 57 শতাংশ বৃদ্ধি। নিউ ইয়র্কে সেমিটিক-বিরোধী হামলার ৪3 শতাংশ বৃদ্ধি পেয়েছে, সমগ্র স্টেট - আপস্টেট, লং আইল্যান্ড, ব্রুকলিন জুড়ে ৪3 শতাংশ বৃদ্ধি পেয়েছে - আমি শুধুমাত্র ডেভোরা হালবারস্টাম এর সাম্প্রতিক হামলার কথা উল্লেখ করেছি।

আমেরিকান দলীয় রাজনীতির ক্যান্সার নতুন রূপ পরিগ্রহ করেছে। ক্যান্সারের কারণে এক কোষ অন্য কোষকে আক্রমণ করে। যখন আপনার ইহুদি জনগণের উপর হামলা হচ্ছে, সমকামী, LGBTQ সম্প্রদায়ের সদস্যরা হামলার শিকার হচ্ছে, সম্প্রতিককালে সেমিটিক-বিরোধী বক্তব্য দিয়ে, মুসলিম-বিরোধী, আফ্রিকান-আমেরিকান বিরোধী হামলা হচ্ছে। এটি একটি ঘৃণার ক্যান্সার যা আমাদের সমগ্র দেশে ছড়িয়ে পড়েছে এবং দুর্ভাগ্যবশত এমনকি আমাদের নিউ ইয়র্ক স্টেটেও বিস্তারলাভ করেছে।

একটি সময় ছিল যখন আমাদের রাজনৈতিক পার্থক্য থাকলেও সেটা ঘৃণায় পরিণত হয়নি। আমাদের সবসময় রাজনৈতিক মতপার্থক্য ছিল, আমাদের প্রতিষ্ঠাতা পূর্বপুরুষদের সময় থেকে আমাদের রাজনৈতিক মতপার্থক্য ছিল। কিন্তু আমরা সেগুলো সহ্য করি এবং আমরা সেগুলো বুঝতে পারি। আমাদের ইসরায়েল এবং ফিলিস্তিন সম্পর্কে রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে, যার মাধ্যমে বিতর্কমূলক গণতন্ত্র সৃষ্টি হয়। কিন্তু আমেরিকায় সবচেয়ে শক্তিশালী চার অক্ষরের শব্দ কখন প্রেমের পরিবর্তে ঘৃণায় রূপান্তরিত হয়? এটি সেই বিষয় যা সবচেয়ে কষ্টকর। আর এখন সেটিই চলছে। এই সেমিটিক-বিরোধী আক্রমণ কুওমোর জন্য একটি গুরুত্বপূর্ণ পারিবারিক বিষয়। আমদের ইহুদি ধর্মে বিশ্বাসী অনেক বন্ধু আছে যাদের সাথে আমরা বড় হয়েছি। আমার দুই শ্যালক আছে যারা ইহুদি, আমার মায়ের দুই জামাতা আছে, আমার কন্যাদের দুইজন আঙ্কেল আছে - হাওয়ার্ড এবং কেন - যারা ইহুদি। এই সেমিটিক-বিরোধী হামলাকে কুওমো পরিবার ব্যক্তিগতভাবে গ্রহণ করে। নিউ ইয়র্কের প্রত্যেকটি পরিবার এটিকে ব্যক্তিগতভাবে গ্রহণ করে।

এবং আমি এই স্টেটের জনগণকে পরিষ্কারভাবে জানাতে চাই: সেমিটিক-বিরোধী কেবল ভুল এবং অনৈতিক ও অমানবিক এবং আমেরিকা বিরোধী নয়; এটা অবৈধও। এবং আমরা আইনকে পূর্ণাঙ্গভাবে প্রয়োগ করব এবং আপনার কাছে আমার এই অঙ্গীকার থাকবে।

ইহুদি জনগণের সংকটের এই মুহূর্তে সংহতির এক স্মারক হিসেবে আইনসভার অধিবেশনের পরপরই সংহতি সফর হিসেবে আমি ইসরায়েলে আরেকটি সফর করতে যাচ্ছি এবং আমি আমার ইহুদি সহকর্মীদেরকে সংহতির একটি স্মারক হিসেবে আমাদের সাথে যোগদানের আমন্ত্রণ জানাচ্ছি। নিউ ইয়র্ক ইসরায়েলের পাশে দাঁড়িয়েছে। আজ আমরা সবাই ইহুদি। আমরা সবাই ইহুদি সম্প্রদায়ের প্রশংসা করি। তারা নিউ ইয়র্কের ভিত্তি, নিউ ইয়র্কের অংশ এবং অন্যতম সেরা অংশগুলির একটি।

আজ এখানে উপস্থিত হওয়ার জন্য আপনাদের সবাইকে ধন্যবাদ। আমার নিজের বা আমার পরিবারের কোনো সদস্যের কাছে কোনো প্রশ্ন আছে?

প্রশ্ন: আমি জানি আপনি ইহুদি জাদুঘরে সংঘটিত ঘটনা তদন্তের জন্য স্টেট পুলিশকে নির্দেশ দিয়েছিলেন। স্টেটের দৃষ্টিকোণ থেকে এমন বিধান কি আছে যার মাধ্যমে আপনি সেমিটিক-বিরোধী এই তরঙ্গটি মোকাবেলা করার চেষ্টা করতে পারেন?

গভর্নর কুওমো বলেন: আমরা সমগ্র স্টেটজুড়ে ঘৃণাসূচক অপরাধের শাস্তি বৃদ্ধি করেছি। আমরা আরও বেশি বোঝা, আরো সংযোগের উপর কাজ করছি তবে আমরা আইনও প্রয়োগ করতে যাচ্ছি কারণ এটি একটি সংকটপূর্ণ পর্যায়ে পৌঁছেছে। নিউ ইয়র্ক স্টেটে তিরাশি শতাংশ বৃদ্ধি। নব্য-নাৎসি গোষ্ঠী বাইশ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তবে যাইহোক, আমি সব রাজনীতিবিদদেরকে নব্য-নাৎসি গোষ্ঠীগুলোর কর্মকাণ্ডের নিন্দা জানানোর আমন্ত্রণ জানাচ্ছি। তারা অভ্যন্তরীণ সন্ত্রাসী। এটিই তাদের পরিচয়। আর এটি গণতন্ত্রের পরিচয় হতে পারে না। তারা ঘৃণা ছড়ায়, তারা সহিংসতা ছড়িয়ে দেয়, তারা আক্রমণ করে এবং প্রত্যেক রাজনীতিবিদ—ডেমোক্র্যাট, রিপাবলিকান—এর এই নব্য নাৎসি গোষ্ঠীগুলির নিন্দা করা উচিৎ এবং তারা যা করছে তাদেরকে সেটাই বলা উচিৎ।

প্রশ্ন: আপনি কি ট্রাম্প টাওয়ার থেকে এই মন্তব্যগুলি করছেন—এটি কি শুধু একটি কাকতালীয় ঘটনা?

গভর্নর কুওমো বলেন: সেটি কাকতালীয় ঘটনা। এমনকি আপনি উল্লেখ করার পূর্ব পর্যন্ত আমি এটি লক্ষ্যও করিনি।

প্রশ্ন: [শ্রবণসাধ্য নয়] গর্বের পতাকা পোড়ানো হচ্ছে—

গভর্নর কুওমো বলেন: একই ব্যাপার। আমি এটিকে এই দেশে ছড়িয়ে পড়া একটি ক্যান্সার হিসেবে অভিহিত করি। ক্যান্সার কেনো? ক্যান্সারের কারণে—শরীরের এক কোষ অন্যান্য কোষকে আক্রমণ করে এবং এই মুহূর্তে আপনি এই দেশে যা দেখছেন সেটি তাই। আপনি সম্প্রতিককালে শ্বেতাঙ্গ বনাম কৃষ্ণাঙ্গ, খ্রিস্টান বনাম মুসলিম, সেমিটিক-বিরোধী, LGBTQ বিরোধী মতাদর্শ দেখছেন। এটি আমেরিকাকে ধ্বংস করছে। কারণ আমেরিকা বৈচিত্র্যময় এবং একবার আমরা আমাদের বৈচিত্র্যের জন্য একে অপরের উপর আক্রমণ শুরু করলে তা আমেরিকাকে এবং পক্ষান্তরে আমাদেরকে পরাস্ত করে। আমরা একটি বহুজাতিক সমাজ। এমা ল্যাজারাস, নিউ ইয়র্কের একজন মহান ইহুদি যিনি স্ট্যাচু অব লিবার্টি শব্দটি লিখেছিলেন। যা এই জাতির ভিত্তি। জর্জ ওয়াশিংটন রোড আইল্যান্ডের একটি সিনাগগে গিয়েছিলেন এবং বলেছিলেন যে এখানকার ইহুদীরা স্বাধীনভাবে তাদের ধর্ম পালন করবে। এটি ছিল ধর্মের স্বাধীনতা। আর এখন আমরা একে অপরের ধর্মীয় পছন্দকে ভয়ঙ্কর হিসেবে প্রতিপন্ন করছি? এটি আমেরিকা নয়। এটি আমাদের পরিচয় নয়। আর আমরা নিউ ইয়র্ক স্টেটে ভিন্ন দৃষ্টান্ত স্থাপন করতে যাচ্ছি। আসুন কুচকাওয়াজ করে সামনে অগ্রসর হই, ধন্যবাদ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন